

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৮০

১/ বিবিধ

আরবী

إن لإبليس مردة من الشياطين يقول لهم: عليكم بالحجاج والمجاهدين فأضلوهم عن  
السبيل  
ضعيف جدا

رواه الطبراني (2 / 119 / 3) وابن شاهين في " رباعياته " (2 / 187) وزاهر الشحامي  
في " السباعيات " (1 / 18 / 8) وابن عساكر في التجريد " (1 / 19) عن نافع أبي  
هرمز مولى يوسف بن عبد الله السلمي عن أنس مرفوعا  
قلت: وهذا إسناد ضعيف جدا. نافع هذا قال أبو حاتم: " متروك الحديث " وقال  
البخاري: " منكر الحديث "، وقد قيل: إنه نافع بن هرمز، وقيل إنه غيره، وفي ترجمة  
ابن هرمز ساق الذهبي هذا الحديث والله أعلم. وأيهما كان فهو ضعيف جدا، وابن  
هرمز كذبه ابن معين. والحديث أورده الهيثمي في " المجمع " (3 / 215) ثم السيوطي  
في " الجامع " عن ابن عباس رواية الطبراني في " الكبير " وقال الهيثمي: " وفيه نافع  
بن هرمز أبوهرمز وهو ضعيف ". قلت: ولم ينفرد به فقد رواه ابن عساكر (1 / 15)  
من طريق جبارة بن مغلس: أخبرنا كثير بن سليم عن أنس به. قلت: وهذا سند واه  
جدا، كثير بن سليم وهو الأيلي ضعفه، بل قال البخاري: " منكر الحديث ". وقال  
النسائي: " متروك ". وقال ابن حبان في " الضعفاء " (2 / 223): " كان ممن يروي  
عن أنس ما ليس من حديثه ويضع عليه ". وجبارة بن مغلس ضعيف

৬৮০। ইবলীসের অধিক আক্রমণকারী শিষ্য রয়েছে, সে তাদেরকে বলেঃ তোমরা হাজী এবং মুজাহিদদেরকে পথভ্রষ্ট কর।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী (৩/১১৯/২), ইবনু শাহীন তার “রুব্বাঈয়াত” (২/১৮৭) গ্রন্থে, যাহের আশ-শাহহামী “আস-সুবাঈয়াত” (৮/১৮/১) গ্রন্থে এবং ইবনু আসাকির “আত-তায়রীদ” (১/১৯) গ্রন্থে ইউসুফ ইবনু আবদিব্লাহ আস-সুলামীর দাস নাফে’ আবু হুরমুয হতে তিনি আনাস (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এই নাফে সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি মাতরুকুল হাদীছ। বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। বলা হয়েছে, তিনি নাফে ইবনু হুরমুয, আবার বলা হয়েছে, তিনি অন্য কেউ। হাফিয যাহাবী ইবনু হুরমুযের জীবনী আলোচনা করতে গিয়ে হাদীছটি উল্লেখ করেছেন। দু’জনের যেই হন না কেন তিনি খুবই দুর্বল। ইবনু হুরমুযকে ইবনু মাঈন মিথ্যুক আখ্যা দিয়েছেন।

হাদীছটি তিনি এককভাবে বর্ণনা করেননি। ইবনু আসাকির (১/১৫) জাবারাহ ইবনু মুগাল্লিস সূত্রে কাছীর ইবনু সুলায়েম হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটিও খুবই দুর্বল। কাছীর ইবনু সুলায়েম আল-উবুল্লীকে মুহাদ্দিসগণ দুর্বল আখ্যা দিয়েছেন। বরং বুখারী বলেছেনঃ তিনি মুনকারুল হাদীছ। নাসাঈ বলেছেনঃ তিনি মাতরুক। ইবনু হিব্বান “আয-যোয়াফা” (২/২২৩) গ্রন্থে বলেনঃ তিনি আনাস (রাঃ) হতে যা তার হাদীছ নয় তাই বর্ণনা করতেন এবং তার উপর হাদীছ জাল করতেন। এ ছাড়া জাবারাহ ইবনু মুগাল্লিসও দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71559>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন